



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পাবনা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)



এস এস সি ভোকেশনাল নবম শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

“শিক্ষা আমাদের অধিকার
কারিগরি শিক্ষা আমাদের অধিকারের অগ্রাধিকার”
-এম.পি নূরুল ইসলাম নাহিদ, শিক্ষামন্ত্রী

ইউরোপসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে কারিগরি কর্মক্ষেত্রে দক্ষ জনশক্তির চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ার প্রেক্ষাপটে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতাধীন পাবনা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পাবনায় কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক পরিচালিত কারিকুলামে ২০১৯ শিক্ষাবর্ষে এস এস সি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ৯ম শ্রেণিতে নিম্নলিখিত ট্রেডসমূহে ভর্তির জন্য ছাত্র/ছাত্রীদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরম সরকারী ছুটির দিন ব্যতীত ১২০/- টাকার বিনিময়ে অফিস চলাকালীন সময়ে (৮.০০ টা হতে ৪.০০ মিঃ) কেন্দ্রের প্রশিক্ষণ শাখা হতে সংগ্রহ ও জমা দেয়া যাবে।

কোর্সের নাম	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	ভর্তি ফি	বয়স	বৃত্তি
জেনারেল ইলেকট্রনিক্স	৩৬ জন	০২ বছর	জেএসসি/ জে ডি সি/ অষ্টম শ্রেণী পাশ	বোর্ড কর্তৃক নির্ধারিত	০১/০১/২০১৮ ইং তারিখে অনূর্ধ্ব-১৭ বছর	উপস্থিতির ভিত্তিতে প্রতি প্রশিক্ষার্থী প্রতিমাসে ১০০০ টাকা করে বৃত্তি পাবেন।
অটোমোটিভ	৩৬ জন	০২ বছর	জেএসসি/ জে ডি সি/ অষ্টম শ্রেণী পাশ			
জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস	৩৬ জন	০২ বছর	জেএসসি/ জে ডি সি/ অষ্টম শ্রেণী পাশ			
রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং	৩৬ জন	০২ বছর	জেএসসি/ জে ডি সি/ অষ্টম শ্রেণী পাশ			
ওয়েলডিং এন্ড ফেব্রিকেশন	৩৬ জন	০২ বছর	জেএসসি/ জে ডি সি/ অষ্টম শ্রেণী পাশ			

আবেদন ফরম সংগ্রহ ও জমা সংক্রান্ত নিয়মাবলী

ক. আবেদন ফরম সংগ্রহ ও সরাসরি ভর্তি গুরুতর তারিখঃ ১/১২/২০১৮খ্রি.

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী

- কারিগরি শিক্ষাবোর্ডের ফরমে আবেদনের প্রেক্ষিতে বোর্ড কর্তৃক নির্ধারিত ফি জমা দিয়ে সরাসরি ভর্তি হওয়া যাবে।
- আবেদন পত্রের সাথে জেএসসি/অষ্টম শ্রেণি পাশের নম্বর পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- পাসপোর্ট সাইজের ৪ কপি রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- টাকা প্রদানের রশিদ সংযুক্ত করতে হবে।

সুবিধা সমূহ

- উপস্থিতির ভিত্তিতে ছাত্র-ছাত্রীদের প্রতিমাসে ১০০০/- টাকা করে বৃত্তি প্রদান করা হয়।
- মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে সকল ক্লাস পরিচালনা করা হয়।
- দেশে-বিদেশে প্রশিক্ষণ প্রাপ্ত অভিজ্ঞ শিক্ষক মন্ডলীদ্বারা ক্লাস পরিচালনা করা হয়।
- ছাত্র-ছাত্রীদের মাসিক, সাপ্তাহিক, বর্ষ মধ্য এবং মডেল টেস্ট পরীক্ষার মাধ্যমে মেধা যাচাই করা হয়।
- ছাত্র-ছাত্রীদের সার্বক্ষনিক ক্লাসে উপস্থিতি নিশ্চিত করনে সিসি টিভি দ্বারা মনিটরিং করা হয় এবং অগ্রগতি অবহিত করার জন্য অভিভাবক সমাবেশ করা হয়।
- ছাত্র-ছাত্রীদের শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষনের ব্যবস্থা করা হয় এবং দেড় মাসে (১২০০+৬০০)=১৮০০ বাস্তব প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়।

শর্তাবলী

- কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তিটি সম্পূর্ণ বাতিল অথবা বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে কোন তারিখ ও তথ্য পরিবর্তনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- অত্র দপ্তরসহ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের যাবতীয় নির্দেশনা সম্পর্কে জানার জন্য প্রশিক্ষণ শাখায় (০১৭১৬-১৩২০৫৩) যোগাযোগ করুন।

বিস্তারিত জানতে

প্রশিক্ষণ শাখা : ০১৭১৬-১৩২০৫৩, ০১৭১৪-৬২৩৪৪৬

কর্তৃপক্ষ
কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
রাজাপুর, পাবনা।